








অন্য ০১/০২/২০২২ খ্রি. তারিখ বিকেল ৩:০০ টায় ডিনস কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে ডিনস কমিটির আহ্বায়ক মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নলিখিত সদস্যদের উপস্থিতিতে প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। সভার উপস্থিতি:

ক্রম	নাম ও পদবী	স্বাক্ষর
১	অধ্যাপক ড. মোঃ জিয়াউল আমিন ডিন, জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ, যবিপ্রবি	 01.02.22
২	অধ্যাপক ড. সাইবুর রহমান মোল্যা, ডিন, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ, যবিপ্রবি	 01.02.2022
৩	অধ্যাপক ড. সৈয়দ মোঃ গালিব, ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, যবিপ্রবি	 01.02.2022
৪	ড. মোঃ তানভীর ইসলাম, ডিন, স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ, যবিপ্রবি	 01.02.2022
৫	ড. মোঃ আব্দুল্লাহ আল মামুন, ডিন, কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, যবিপ্রবি	 01.02.2022
৬	ড. সুমন চন্দ্র মোহন্ত, ডিন, বিজ্ঞান অনুষদ, যবিপ্রবি	 01.02.2022

**প্রস্তাব:** শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।

**সিদ্ধান্ত:** সভায় সদস্যগণ স্বতঃস্ফূর্ত আলোচনায় অংশগ্রহণ করেন। গত ৩০.০১.২০২২ খ্রি. তারিখে ভর্তির জন্য বিজ্ঞপ্তির মেধাতালিকার একজন শিক্ষার্থী জনাব নিপুন বিশ্বাস, মেধাক্রম ১৭, ক্রমিক নম্বর ৭০২৬৯ পরিবহন সংক্রান্ত জটিলতার কারণে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ে (সকাল ১০:০০-১১:০০ টার মধ্যে) উপস্থিত হতে পারেন নি। এমতাবস্থায়, অনুষদীয় ভর্তি কমিটি উক্ত শিক্ষার্থীর ক্রমের পরবর্তী ক্রমের (মেধাক্রম ১৯, রোল নম্বর ৭০০৩০) উপস্থিত শিক্ষার্থী জনাব বায়েজিদ মল্লিককে ভর্তি করেন। পরবর্তীতে উক্ত শিক্ষার্থী (জনাব নিপুন বিশ্বাস) বেলা ০১:৩০ মিনিটে উপস্থিত হন। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যকে অবহিত করলে তিনি বিষয়টির মানবিক দিক বিবেচনায় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে একটি আসন বর্ধিত করে উক্ত শিক্ষার্থীকে ভর্তি করানোর জন্য ডিনস কমিটিকে অনুরোধ করেন। মাননীয় উপাচার্যের অনুরোধের প্রেক্ষিতে এ কমিটি উক্ত শিক্ষার্থীকে ১ (এক)টি আসন বাড়িয়ে ভর্তি করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে। বিষয়টি কেন্দ্রীয় ভর্তি কমিটির পরবর্তী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

 05/02/2022

(ড. মোঃ মেহেদী হাসান)

ডিন

ব্যবসায় শিক্ষা অনুষদ

ও

সভাপতি

ডিনস কমিটি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর ৭৪০৮